দৈনিক ইত্তেফাক

তারিখ 21 OCT 1995
পৃষ্ঠা ২ কলাম ৭

# উচ্চতর শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির পদ্ধতি কি হইবে ?

আমরা ১৯৯৫ সালের এইচ, এস, সি পরীক্ষার্থী। এখনও আমাদের পরীক্ষা হয় নাই, ফলাফল দূরে থাক। তথাপি আমরা আমাদের পরীক্ষার ফলাফল ঘোষণার পর কি নিয়মে ভর্তি হইব তাহা লইয়া নিদারুণ উৎকণ্ঠার মধ্যে আছি। একদিকে সরকারী সিদ্ধান্ত মোতাবেক নম্বরের ভিত্তিতে ভর্তির কথা বলা হইতেছে, অন্যদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা মেডিক্যাল কলেজ, বুয়েট প্রভৃতি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের অভিজ্ঞ শিক্ষকগণের অভিমতের পরিপ্রেক্ষিতে মনে হয় তাহারা তাহাদের প্রতিষ্ঠানসমূহে ভর্তির পূর্ব রীতি চালু রাখিবেন। আবার দেশের মেডিক্যাল কলেজসমূহ যেহেতু সরকারের সরাসরি নিয়ন্ত্রণাধীন সেহেতু এক্ষেত্রে সরকারী সিদ্ধান্ত প্রযোজ্য হওয়ার কথা। কিন্তু স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালকের সহিত এ ব্যাপারে যোগাযোগ করা হইলে তিনি জানান, এখন পর্যন্ত সরকারী কোন নোটিস তাঁহার কাছে আসে নাই। তাঁহার এই মন্তব্য ছাত্র-ছাত্রীদেরকে আরও বেশী চিন্তাগ্রস্ত করিয়া তুলিয়াছে। অতএব, কর্তৃপক্ষ সমীপে আবেদন—উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ভর্তি পরীক্ষার পদ্ধতি কি হইবে তাহা জরুরী ভিত্তিতে নির্ধারণপূর্বক সে বিষয়ে ঘোষণা দিয়া সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের চিন্তা-মুক্ত করিবেন।

—মোঃ কাউছার হোসেন চৌধুরী,
২/২, শুক্রাবাদ, ঢাকা—৭।